

গাজীপুরে প্রতিমন্ত্রী চুমকি শিশুরা শিক্ষিত হলে দেশ আরো বেশি এগোবে

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর >

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এমপি বলেছেন, কোনো শিশু যাতে শিক্ষা থেকে বঞ্চিত না হয়। কারণ আজকের শিশু দেশের ভবিষ্যৎ। তারা শিক্ষিত হলে দেশ আরো বেশি এগিয়ে যাবে।

প্রতিমন্ত্রী গতকাল শনিবার দুপুরে গাজীপুরের কালীগঞ্জে শিশু মেলা আইডিয়াল স্কুলের বার্ষিক ক্রীড়া ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তিনি বলেন, বঙ্গবন্ধু শিশুদের খুব ভালোবাসতেন। বাবার মতো তাঁর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনাও শিশুদের ভালোবাসেন। এ জন্যই তিনি শিশুদের বিষয়ে সব সময় গুরুত্ব দেন।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা খন্দকার মু. মুশফিকুর রহমানের সভাপতিত্বে এবং শিশু মেলা আইডিয়াল স্কুলের অধ্যক্ষ সায়িয়া শারমীন হকের পরিচালনায় অনুষ্ঠানে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) প্রগতি বিশ্বাস, উপজেলার বিভিন্ন দপ্তরপ্রধানসহ ওই স্কুলের শিক্ষক-শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা উপস্থিত ছিলেন।